

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়
ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট (ডিএফডি)
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cgdf.gov.bd

নং-২৩.০৭.০০০০.০০১.০০৯.৬১(পার্ট-২).০০৫.২৫.-১২২

তারিখ : ১৭ বৈশাখ ১৪৩৩ ব.
৩০ এপ্রিল ২০২৬ খ্রি.

বিষয়ঃ স্থানীয় নিরীক্ষা নির্দেশিকা-২০২৬।

সশস্ত্রবাহিনীর বিভিন্ন ইউনিট/ফরমেশন বা ঘাঁটিসমূহের আয়, ব্যয় ও মজুদ হিসাবের স্থানীয় নিরীক্ষা কার্যক্রম সংশ্লিষ্ট এফসি, এরিয়া এফসিগণ (স্কেট্রমতে এসএফসি) সম্পাদন করে আসছেন। বিগত দশকগুলোতে প্রতিরক্ষা হিসাব বিভাগে আমূল পরিবর্তন সাধিত হলেও স্থানীয় নিরীক্ষা ম্যানুয়ালে কোন সংশোধন করা হয়নি বিধায় যুগোপযোগী স্থানীয় নিরীক্ষা নির্দেশিকা প্রণয়ন করা জরুরি হয়ে পড়ে। সে লক্ষ্যে স্থানীয় নিরীক্ষা কার্যক্রম পরিচালনা ও এর আওতা/পরিধিসমূহ নির্ধারণে Army Local Audit Manual Part-I, Naval Local Audit Officer's handbook Part-I, Local Audit Manual (MES), Military Audit Code সহ প্রয়োজনীয় Rules, Regulations, Manuals পর্যালোচনা করে বর্তমান প্রতিরক্ষা হিসাব ব্যবস্থার সাথে সামঞ্জস্য রেখে স্থানীয় নিরীক্ষা নির্দেশিকা, ২০২৬ প্রণয়ন করা হলো। উপরোল্লিখিত কোড ও ম্যানুয়ালসমূহ যুগোপযোগী না করা পর্যন্ত স্থানীয় নিরীক্ষা নির্দেশিকা, ২০২৬ বলবৎ থাকবে। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স প্রতিরক্ষা হিসাব ব্যবস্থার সাথে সামঞ্জস্য রেখে সময়ে সময়ে স্থানীয় নিরীক্ষা নির্দেশিকা, ২০২৬ হালনাগাদের ব্যবস্থা করবেন।

২.০ স্থানীয় নিরীক্ষার পরিধি ও আওতাঃ

প্রতিরক্ষা আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে স্থানীয় নিরীক্ষা দল সশস্ত্র বাহিনীর বিভিন্ন ইউনিট/ফরমেশন বা ঘাঁটির হিসাব স্থানীয় নিরীক্ষা করে থাকে। সশস্ত্র বাহিনীসমূহের আয়, ব্যয় ও মজুদ হিসাব স্থানীয় নিরীক্ষার আওতাভুক্ত। তাছাড়া আধা-বাণিজ্যিক প্রকৃতির মিলিটারি ফার্ম, সমরাস্ত্র কারখানা প্রভৃতির ক্ষেত্রে প্রযোজ্য আর্থিক বিবরণীসমূহ স্থানীয় নিরীক্ষার অন্তর্ভুক্ত। জিই/এজিই কর্তৃক পাশকৃত বিল-ভাউচারে কোন আর্থিক অনিয়ম কিংবা বিধিবিহীন কোন বিল পাশ করা হয়েছে কি না, আর্থিক ও প্রশাসনিক আদেশের কোন ব্যত্যয় ঘটেছে কি না, দাবীকৃত বিলের বিপরীতে সংগৃহীত সেবা ও পণ্যের যথাযথ যাচাইসহ আর্থিক বিধি-বিধানের ব্যত্যয় ঘটে থাকলে তা যাচাই করে সংশোধন করার জন্য সংশ্লিষ্ট ইউনিট/ফরমেশন বা ঘাঁটি কে পরামর্শ প্রদান করা স্থানীয় নিরীক্ষার অন্যতম উদ্দেশ্য।

৩.০ স্থানীয় নিরীক্ষা পরিকল্পনা ও কর্মসূচী প্রণয়ন এবং সম্পাদন পদ্ধতিঃ

৩.১ স্থানীয় নিরীক্ষা পরিকল্পনা ও কর্মসূচী প্রণয়নঃ

নিরীক্ষার বিষয়, পরিধি, নিরীক্ষার সময়কাল, জনদিবস, ঝুঁকি এরিয়া ইত্যাদি নিরীক্ষা পরিকল্পনার আওতায় অন্তর্ভুক্ত করা। সংশ্লিষ্ট এফসি, এরিয়া এফসি (স্কেট্রমতে এসএফসি) তাদের আওতাভুক্ত ইউনিট/ফরমেশন ও ঘাঁটিসমূহে ত্রৈমাসিক ভিত্তিতে স্থানীয় নিরীক্ষা কর্মসূচী প্রণয়ন করবেন। সংশ্লিষ্ট এসএফসি কর্তৃক অনুমোদিত স্থানীয় নিরীক্ষা কর্মসূচীর অনুলিপি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়ে প্রেরণ করবেন। স্থানীয় নিরীক্ষা কার্যক্রম শক্তিশালী করতে প্রয়োজনের আলোকে এফপিও কার্যালয়সমূহের জনবলকে নিযুক্ত করা যাবে। তবে এক্ষেত্রে আবশ্যিকভাবে এসএফসি (আর্মি) কার্যালয়ের পূর্বানুমতি নিতে হবে। নিরীক্ষা সম্পাদনকারী কার্যালয় মাঠ পর্যায়ে নিরীক্ষা কাজ সম্পাদনের পূর্বে নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন করবেন। নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনায় রেখে নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন করতে হবেঃ

- (ক) স্থানীয় নিরীক্ষা দল চলতি অর্থবছরে আয়-ব্যয়ের মজুদ নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করবেন। তবে এক্ষেত্রে পূর্ববর্তী অর্থবছরের যে সকল ইউনিট ফরমেশনে স্থানীয় নিরীক্ষা হয়নি সেগুলো নিরীক্ষা পরিকল্পনার অন্তর্ভুক্ত করতে হবে।
- (খ) সশস্ত্রবাহিনীর ইউনিট/ঘাঁটির মধ্যে অধিকতর বাজেট প্রাপ্ত ইউনিট/ফরমেশনসমূহ নিরীক্ষা পরিকল্পনায় অন্তর্ভুক্তির বিষয় বিবেচনায় আনতে হবে।
- (গ) বিগত অর্থ বছরের আপত্তিসমূহ পর্যালোচনা করে অধিকতর ঝুঁকিপূর্ণ ইউনিট/ফরমেশনসমূহকে নিরীক্ষা পরিকল্পনার আওতায় অন্তর্ভুক্ত করা।

- (ঘ) স্থানীয় নিরীক্ষার জন্য প্রয়োজনীয় জনদিবস বরাদ্দ রেখে নিরীক্ষা কর্মসূচী প্রণয়ন করতে হবে। এক্ষেত্রে ইউনিট/ফরমেশন বা ঘাঁটির গুরুত্বের উপর ভিত্তি করে জনদিবস বরাদ্দ করতে হবে।
- (ঙ) প্রতিরক্ষা অডিট অধিদপ্তরের সাথে সমন্বয় করে লোকাল অডিটের কর্মসূচী প্রণয়ন করতে হবে। এতে করে ২টি ভিন্ন অডিটের বিষয়ে ইউনিট/ফরমেশনসমূহের মধ্যকার অস্পষ্টতা/সংশয় কমানো সম্ভব হবে এবং অডিট অধিকতর কার্যকর হবে।
- (চ) বাংলাদেশ নৌবাহিনী ও বিমান বাহিনীর ইউনিট ফরমেশনসমূহ এবং এমইএস এর জিই/এজিইসমূহ নিরীক্ষার ক্ষেত্রে iBAS++ থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে অধিকতর ঝুঁকিপূর্ণ ইউনিট বা ফরমেশনের লেনদেন, চুক্তিসমূহ নিরীক্ষা পরিকল্পনার আওতায় অন্তর্ভুক্ত করা।
- (ছ) মিলিটারি ফার্মসমূহে গো-খাদ্য, তাজা রসদ প্রভৃতি অগ্রিমের মাধ্যমে ক্রয় করা হয় যা এসএফসি (ডিপি) কার্যালয় হতে পরিশোধ হচ্ছে। এ খাতে বাজেটের বড় অংশ ব্যয়িত হওয়া সত্ত্বেও বর্তমানে মিলিটারি ফার্মে আয়-ব্যয়ের স্থানীয় নিরীক্ষা হচ্ছে না। কাজেই মিলিটারি ফার্মসমূহের সাথে সমন্বয়পূর্বক সংশ্লিষ্ট এরিয়া এফসি মিলিটারি ফার্মের আয়-ব্যয় ও মজুদের নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করবেন।

৩.২ নিরীক্ষা সম্পাদন পদ্ধতিঃ

- (ক) নিরীক্ষা কার্য শুরু করার পূর্বেই সংশ্লিষ্ট ইউনিট/ফরমেশন ও ঘাঁটিকে আসন্ন নিরীক্ষা কর্মসূচী সম্পর্কে অবহিত করা।
- (খ) স্থানীয় নিরীক্ষা দল সংশ্লিষ্ট ইউনিট প্রধানের সাথে সৌজন্য সাক্ষাৎপূর্বক অডিট কার্য সম্পাদনের লক্ষ্যে চাহিদাপত্র প্রদান করবেন।
- (গ) নিরীক্ষা দলের সদস্য কর্তৃক প্রাপ্ত নিরীক্ষা আপত্তি একত্রিত করে সংশ্লিষ্ট ইউনিট/ঘাঁটি প্রধানের সাথে নিরীক্ষা সমাপনী সভায় আলোচনা করা।
- (ঘ) নিরীক্ষা সমাপনী সভা শেষে অনিষ্পত্তিকৃত আপত্তি নিয়ে স্থানীয় নিরীক্ষা প্রতিবেদন ইস্যু করা।
- (ঙ) কোনো লোকাল অডিট টিম যখন অডিট কার্যক্রম পরিচালনা করবে, তখন সে কতটুকু এরিয়া কভার করেছে, চেকলিস্ট অনুযায়ী কতটুকু তথ্য পেয়েছে, কোন ক্ষেত্রে ইউনিটসমূহের নথিসমূহ বা রেকর্ড প্রাপ্তির সীমাবদ্ধতা ছিল তা উল্লেখ করে সংশ্লিষ্ট এসএফসি/এরিয়া এফসিগণকে প্রতিবেদন আকারে দিতে হবে।
- (চ) এছাড়া নিরীক্ষা সময়ের সাথে সংশ্লিষ্ট ইউনিট প্রধানের নাম নিরীক্ষা পর্যবেক্ষণে উল্লেখ করতে হবে।
- (ছ) নিরীক্ষাকালীন ইউনিট বা ঘাঁটি কর্তৃক অসহযোগিতা বা নিরীক্ষা কাজে বাধা অথবা কোন বিষয়ে জটিলতা দেখা দিলে নিরীক্ষা দল এসএফসি/এরিয়া এফসিগণকে অবহিত করবেন। এসএফসি/এরিয়া এফসি বিষয়টি সংশ্লিষ্ট বাহিনীর উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে এনে সুরাহার ব্যবস্থা করবেন।
- (জ) যে অর্থ বছরের বাজেট বাস্তবায়ন হবে উক্ত অর্থবছরেই লোকাল অডিটের কার্যক্রম সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। তবে এক্ষেত্রে পূর্ববর্তী অর্থবছরের যে সকল ইউনিট ফরমেশনে স্থানীয় নিরীক্ষা হয়নি সেগুলো নিরীক্ষার উদ্যোগ গ্রহণ করতে হবে। এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ও বড় ইউনিটগুলোতে ত্রৈমাসিক ভিত্তিতে এবং ছোট ইউনিটগুলোতে ষাণ্মাসিক ভিত্তিতে অডিট কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে।

৪.০ স্থানীয় নিরীক্ষায় অনুসরণীয় সাধারণ চেকলিস্টসমূহঃ

- (ক) খরচ বাজেট বরাদ্দের মধ্যে সীমিত আছে কিনা;
- (খ) যে খাতে অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে সে খাতে অর্থ খরচ করা হয়েছে কিনা;
- (গ) ভ্যাট ও আয়কর যথাযথ কর্তন করা হয়েছে কিনা, বিশেষত এমইএস এর আওতাধীন জিই/এজিইসমূহে পাশকৃত বিলসমূহের বিপরীতে ভ্যাট ও আয়কর যথাযথ কর্তন হয়েছে কি না;
- (ঘ) সকল ইউনিট/ফরমেশন ও ঘাঁটির আসবাবপত্র/ইকুইপমেন্ট রেজিস্টার যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা হয়েছে কিনা এবং রেজিস্টারে এন্টিকৃত আইটেমসমূহ ব্যবহৃত হচ্ছে কি না; ব্যবহৃত না হয়ে থাকলে তার মজুদ যথাযথ হচ্ছে কি না;
- (ঙ) স্টোর, আসবাবপত্র ও ইকুইপমেন্ট বোর্ড কর্তৃক অকেজো ঘোষণা করলে তা নিলামে বিক্রি করে বিক্রয়লব্ধ টাকা ট্রেজারিতে জমা করা হয়েছে কি না;
- (চ) জিই/এজিই কর্তৃক পরিশোধিত বিলসমূহ বিধি-বিধানের আলোকে পরিশোধিত হচ্ছে কি না তা যাচাই করা;
- (ছ) ক্যাটাগরি অনুযায়ী স্টেশনারী সামগ্রী স্টক রেজিস্টার এ Opening Balance, Procurement, Issue, Balance সঠিক আছে কিনা;

- (জ) ইউনিট ফরমেশনসমূহে স্থানীয়ভাবে আইটেম ক্রয়ের নিমিত্ত অগ্রিম গ্রহণ করে পাবলিক ফান্ডে জমা রাখে। পরবর্তীতে উক্ত ফান্ড হতে আইটেমসমূহ ক্রয় করে থাকে। এক্ষেত্রে আইটেমসমূহ যথাযথভাবে রেজিস্টারে এন্ট্রি হচ্ছে কি না? সঠিক নিয়মে ব্যবহৃত হচ্ছে কি না? ব্যবহৃত না হয়ে থাকলে তার মজুদ যথাযথ হচ্ছে কি না;
- (ঝ) ইউনিট/ফরমেশন ও ঘাঁটির মজুদ হিসাব, সরবরাহ মজুদ, রেশন মজুদ, ডিপো যথাযথ যাচাই করা।
- (ঞ) মাসিক আয় ও ব্যয়ের হিসাব নিরীক্ষা
- (ট) VDRA (Vehicle Daily Running Account) যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা হচ্ছে কিনা এবং VDRA এন্ট্রিকৃত জ্বালানীর হিসাব লগ বহিতে এন্ট্রিকৃত জ্বালানী হিসাবের সাথে সংগতি আছে কিনা।
- (ঠ) এমটি রেজিস্টার যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা হচ্ছে কি না।

৫.০ স্থানীয় নিরীক্ষায় উত্থাপিত পর্যবেক্ষণসমূহ নিষ্পত্তির প্রক্রিয়াঃ

সাধারণত নিরীক্ষা চলাকালীন সময়ে উত্থাপিত পর্যবেক্ষণের বিপরীতে জড়িত অর্থ এ-চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান সাপেক্ষে নিরীক্ষা দল তাৎক্ষণিকভাবে নিষ্পত্তি করবে। পরবর্তীতে যথাযথ প্রমাণক প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট এফসি/এরিয়া এফসি পর্যবেক্ষণ নিষ্পত্তির ব্যবস্থা করবেন। স্থানীয় নিরীক্ষায় উত্থাপিত পর্যবেক্ষণ নিষ্পত্তি নিম্নরূপ ৪ প্রকারে হতে পারে-

- (ক) নিরীক্ষা শেষে ইউনিট/ঘাঁটি প্রধানের সাথে সমাপনী সভা এর মাধ্যমে;
- (খ) S. S. O. Review
- (গ) ইউনিট ফরমেশনের জবাবের আলোকে
- (ঘ) দ্বি-পক্ষীয় সভার মাধ্যমে।

৬.০ স্থানীয় নিরীক্ষায় উত্থাপিত পর্যবেক্ষণসমূহ নিষ্পত্তির ক্ষেত্রে যোগ্য কর্তৃপক্ষঃ

- (ক) প্রাথমিকভাবে স্থানীয় নিরীক্ষায় উত্থাপিত পর্যবেক্ষণসমূহ নিষ্পত্তির ক্ষেত্রে যোগ্য কর্তৃপক্ষ হচ্ছেন স্থানীয় নিরীক্ষা দলনেতা;
- (খ) সংশ্লিষ্ট আঞ্চলিক অর্থ নিয়ন্ত্রক, অর্থ নিয়ন্ত্রক বা ক্ষেত্রবিশেষে সংশ্লিষ্ট এসএফসি উত্থাপিত পর্যবেক্ষণসমূহ যথাযথ প্রমাণকের আলোকে নিষ্পত্তির ব্যবস্থা করবেন।

৭.০ স্থানীয় নিরীক্ষা প্রতিবেদন কাঠামোঃ

স্থানীয় নিরীক্ষা প্রতিবেদনে দুই ভাগ থাকবে, যথা:

- (ক) প্রথম ভাগে নির্বাহী সার-সংক্ষেপ, সূচিপত্র, নিরীক্ষার পরিধি, বিষয়, আর্থিক পরামর্শ, নিরীক্ষা সুপারিশের সংক্ষিপ্তসার;
- (খ) দ্বিতীয় ভাগে অনুচ্ছেদ ও সংশ্লিষ্ট পরিশিষ্টসমূহ।

৮.০ অনুচ্ছেদ কাঠামোঃ

৮.১ স্থানীয় নিরীক্ষায় উত্থাপিত পর্যবেক্ষণসমূহ অনুচ্ছেদ আকারে লিখতে হবে। স্থানীয় নিরীক্ষা অনুচ্ছেদ কাঠামো নিম্নরূপ হবেঃ

- (ক) শিরোনাম
- (খ) বিবরণ
- (গ) অনিয়মের কারণ
- (ঘ) সংশ্লিষ্ট ইউনিট/ঘাঁটির জবাব
- (ঙ) সুপারিশ

৮.২ স্থানীয় নিরীক্ষা অনুচ্ছেদ লিখতে করণীয়-


- (ক) শিরোনামঃ অনিয়মের কারণ ও অনিয়মের কারণে যে আর্থিক ক্ষতি অথবা হিসাবায়ন বা আর্থিক ব্যবস্থাপনায় যে বিরূপ প্রভাব পড়ে তা সংক্ষেপে এক বাক্যে সাবলীল ও প্রাজ্ঞ ভাষায় তুলে ধরতে হবে।
- (খ) বিবরণঃ নিরীক্ষার সময়কাল, নিরীক্ষিত ইউনিট/ঘাঁটি, আপত্তি/অনিয়মের উৎস, কারণ ও আর্থিক ক্ষতি বা আর্থিক ব্যবস্থাপনায় নেতিবাচক প্রভাব প্রভৃতি বিষয়সমূহ বিবরণী অংশে সংক্ষেপে তবে comprehensive way তে তুলে ধরতে হবে।

- (গ) অনিয়মের কারণঃ এ অংশে অনিয়মের কারণ সংশ্লিষ্ট নির্ণায়কসহ (Authorities/Criteria) যথাযথ ও সংক্ষেপে তুলে ধরতে হবে।
- (ঘ) সংশ্লিষ্ট ইউনিট/ঘাঁটির জবাবঃ নিরীক্ষিত ইউনিট/ঘাঁটির জবাব হুবহু লিখতে হবে। তবে জবাব দীর্ঘ হলে মূলভাব অপরিবর্তিত রেখে সন্নিবেশ করতে হবে।
- (ঙ) সুপারিশঃ নিরীক্ষিত ইউনিট/ঘাঁটির জবাব বিধি-বিধানের আলোকে খণ্ডন করতে হবে। ইউনিট বা ঘাঁটি কর্তৃক অর্থ আদায় বা অনিয়ম নিরসনে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের জন্য বাস্তবসম্মত সুপারিশ করা।

৯.০ সিজিডিএফ কার্যালয়ে ও প্রতিরক্ষা অডিট অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণঃ

সংশ্লিষ্ট এফসি/এরিয়া এফসিগণ স্থানীয় নিরীক্ষা প্রতিবেদন এর কপি সিজিডিএফ কার্যালয় এবং প্রতিরক্ষা অডিট অধিদপ্তরে প্রেরণ করবেন। স্থানীয় নিরীক্ষা পর্যবেক্ষণসমূহ প্রতিরক্ষা অডিট অধিদপ্তরের Compliance Audit এর Planning এ গুরুত্বপূর্ণ ইনপুট হিসেবে কাজ করবে।

প্রতিরক্ষা আর্থিক ব্যবস্থাপনায় অটোমেশনের ফলে স্থানীয় নিরীক্ষার ধরণ ও স্থানীয় নিরীক্ষায় চেকলিস্ট পরিবর্তনশীল। কাজেই মাঠপর্যায়ে স্থানীয় নিরীক্ষার অভিজ্ঞতা এবং নিরীক্ষা সম্পাদনকারী কার্যালয়ের প্রস্তাবনার আলোকে স্থানীয় নিরীক্ষার ধরণ ও স্থানীয় নিরীক্ষার চেকলিস্ট সময়ে সময়ে হালনাগাদ করা হবে।



(মো. নাজমুল হাসান)

ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (প্রশাসন)

ফোন:- ০২-৪১০৩১৯৪৫

E-mail :- crd.cgdf@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি), ঢাকা সেনানিবাস, ঢাকা।
২. সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (পূর্ত/ডিপি/এয়ার ফোর্স/নেভি), ঢাকা।
৩. এডিশনাল চিফ কন্ট্রোলার অব ডিফেন্স ফাইন্যান্স (বিওএফ), গাজীপুর সেনানিবাস, গাজীপুর।
৪. ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) পে-১/পে-২/লগ এরিয়া, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৫. এডিশনাল চিফ কন্ট্রোলার অব ডিফেন্স ফাইন্যান্স (সিভিল), ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬. এরিয়া ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি), চট্টগ্রাম/যশোর/কুমিল্লা/সাভার/বগুড়া/রংপুর/ঘাটাইল সেনানিবাস।
এরিয়া ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) এর কার্যালয়, বাড়ি নং-২, রোড নং-৭, খাদিমপাড়া, সিলেট।
এরিয়া ফাইন্যান্স কন্ট্রোলার (নেভি), নিউমুরিং, চট্টগ্রাম/খালিশপুর, খুলনা।
৭. চিফ কন্ট্রোলার অব ডিফেন্স ফাইন্যান্স (পেনশন এন্ড ফান্ড), ঢাকা সেনানিবাস, ঢাকা।
৮. সিনিয়র এফপিও, ইবিআরসি, চট্টগ্রাম/বিআইআরসি, রাজশাহী।
৯. এফপিও আর্টিলারী, হালিশহর, চট্টগ্রাম/ ইসিএসএমই, কাদিরাবাদ/ ইএমই, সৈয়দপুর/ এসি, বগুড়া/ এএসসি, জাহানাবাদ/ সিগন্যাল, যশোর/ অর্ডন্যান্স, রাজেন্দ্রপুর/ এএমসি, ঘাটাইল, টাঙ্গাইল/ সিএমপি, সাভার/ এসিসি ও এইসি, ঢাকা।
১০. জি-১ শাখা (স্থানীয়)।
১১. পিএটু সিজিডিএফ/জেসিজিডিএফ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. বাংলাদেশের
কম্পন্ট্রোলার এন্ড অডিটর জেনারেল
কম্পন্ট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
‘অডিট ভবন’
৭৭/৭, কাকরাইল, ঢাকা -১০০০।
[দৃষ্টি আকর্ষণঃ পিএস টু সিএজি]

২. ডেপুটি সিএজি (এ এন্ড আর)